হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর

২০১৭ শিক্ষাবর্ষে ৮টি অনুষদের অধীনে ২০ টি স্নাতক কোর্সে

ভর্তি নির্দেশিকা

সংক্ষিপ্ত পরিচিতি

চ্যান্সেলর **ভাইস-চ্যান্সেলর**

মো. আব্দুল হামিদ
মহামান্য রাষ্ট্রপতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

১. নামকরণ

১৯৯৯ সালের ১১ সেপ্টেম্বর তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ভিত্তিপ্রস্তর স্থাপনের মাধ্যমে উত্তরাঞ্চলের প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু করেন। দেশের উত্তর জনপদের বিশিষ্ট কৃষকনেতা ও তেভাগা আন্দোলনের পথিকৃত মরহুম হাজী মোহাম্মদ দানেশ এর নামানুসারে এ প্রতিষ্ঠানের নামকরণ করা হয়েছে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সংক্ষেপে হাবিপ্রবি বা HSTU)।

২. অবস্থান

দিনাজপুর শহর হতে ১০ কিলোমিটার উত্তরে 'ঢাকা-রংপুর-দিনাজপুর মহাসড়ক' সংলগ্ন বাঁশের হাট নামক স্থানে অবস্থিত। প্রায় ৮৫ একর এলাকা জুড়ে এবং বহু প্রজাতির উদ্ভিদসমৃদ্ধ সবুজে ঘেরা এ বিশ্ববিদ্যালয়ের দৃষ্টিনন্দন ক্যাম্পাসটি বিস্তৃত।

৩. শিক্ষার মাধ্যম

যুগের চাহিদানুযায়ী এবং আন্তর্জাতিক পরিমন্ডলে দেশের জনসম্পদের গ্রহণযোগ্যতা বাড়াতে শিক্ষার মাধ্যম ইংরেজি করা হয়েছে।

৪. শিক্ষা পদ্ধতি

কোর্স ক্রেডিট সিমেস্টার সিস্টেম প্রবর্তন করা হয়েছে। এতে প্রতি শিক্ষাবর্ষে ২টি সিমেস্টার (জানুয়ারী-জুন এবং জুলাই-ডিসেম্বর) এবং ১টি শর্ট সিমেস্টার (জানুয়ারীতে) রয়েছে। এছাড়া, অনুসরণ করা হয় একাডেমিক ক্যালেন্ডার। অধিকন্তু, পরীক্ষা শেষের মাত্র ২ সপ্তাহের মধ্যে ফলাফল প্রকাশ করা হয়।

৫. ক্রেডিট আওয়ার

প্রতি সিমেস্টারে সপ্তাহ প্রতি ৫০মিনিটের ১টি তত্ত্বীয় ক্লাশ ১ ক্রেডিট আওয়ার হিসেবে বিবেচিত হয়। পক্ষান্তরে, ব্যবহারিক ক্লাশের ক্ষেত্রে প্রতি সিমেস্টারে সপ্তাহে অনুরূপ ৩টি ক্লাশ সর্বোচ্চ ২ ক্রেডিট আওয়ার হিসেবে বিবেচিত হয়।

৬. সিমেস্টার বিন্যাস ও নম্বর বন্টন

প্রতিটি সিমেস্টারের বিন্যাস নিম্নরূপ

বিষয়	ন্যূনতম সময়(সপ্তাহ)
ক্লাস	১৪
ফাইনাল পরীক্ষার প্রস্তুতির সময়	২
ফাইনাল পরীক্ষা	৩
ফলাফল প্রকাশ	২
	মোট = ২১ সপ্তাহ

প্রতিটি কোর্সের নম্বর বন্টন নিম্নরূপ-

বিষয়	নম্বর বন্টন(%)
ক্লাসে উপস্থিতি	১০
কুইজ পরীক্ষা/ক্লাস টেস্ট	১০
মিড সিমেস্টার পরীক্ষা	২০
ফাইনাল পরীক্ষা	৬০
	মোট = ১০০(%)

প্রতিটি বিষয়ে ক্রেডিট আওয়ারের সংখ্যার সম সংখ্যক কুইজ পরীক্ষা অনুষ্ঠিত হবে। অর্থাৎ ২ ক্রেডিট আওয়ারের প্রতিটি বিষয়ে ২ টি এবং ৩ ক্রেডিট আওয়ারের প্রতিটি বিষয়ে ৩ টি করে কুইজ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

৭. গবেষণাগার

ব্যবহারিক ক্লাসের জন্য বিভিন্ন বিভাগে গবেষণাগার রয়েছে।

৮. ছাত্র-ছাত্রী নিবাস (ডরমিটরী / হল)

ছাত্রদের জন্য ৩টি এবং ছাত্রীদের জন্য ৩ টি ডরমিটরী (হল) আছে। বর্তমানে আসন খালি না থাকায় ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রীকে আবাসন সুবিধা দেওয়া যাবে না। এ ছাড়াও বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য ডরমেটরী-২ এর একটি অংশ নির্ধারিত রয়েছে। বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ১৬০ জন বিদেশী শিক্ষার্থী অধ্যয়ন করছে।

৯. গ্রন্থাগার

আধুনিক সুযোগ সুবিধাসহ একটি গ্রন্থাগার রয়েছে। এতে প্রায় ২০ হাজার টাইটেলের বই আছে। এ ছাড়াও প্রায় ৪০০০ টাইটেলের ই-জার্নাল পড়ার সুযোগ রয়েছে।

১০. এম.এস. এবং পিএইচ.ডি. কার্যক্রম

পোষ্ট গ্র্যাজুয়েট ষ্টাডিজ অনুষদের আওতাধীন বর্তমানে এগ্রিকালচার, ভেটেরিনারী এন্ড এনিম্যাল সায়েন্স, বি.এস. ও এগ্রো-ইন্ডাষ্ট্রিয়াল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং এবং ফিসারিজ অনুষদের বিভিন্ন বিভাগে এম.এস./এম.বি.এ. এবং পিএইচ.ডি. ডিগ্রী প্রদানের কার্যক্রম চলছে। পর্যায়ক্রমে অন্যান্য অনুষদের বিভিন্ন বিভাগেও এসকল কার্যক্রম শুরু হবে। জুলাই ২০১৩ থেকে Evening MBA চালু আছে।

১১. গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম

বিভিন্ন বিভাগ ও অনুষদের মাধ্যমে নিয়মিত গবেষণা পরিচালিত হয়। এছাড়াও ইন্‌স্টিটিউট অভ্ রিসার্চ এন্ড টেনিং (আই.আর.টি.)-এর মাধ্যমে প্রশিক্ষন ও গবেষণা কার্যক্রম চালু আছে।

১২. অনুষদসমূহ

১. এগ্রিকালচার
২. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং
৩. বিজনেস স্টাডিজ
৪. ফিসারিজ
৫. ইঞ্জিনিয়ারিং
৬. ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স
৭. বিজ্ঞান
৮. সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস
৯. পোষ্ট গ্র্যাজুয়েট

১৩. খেলাধুলা, শরীরচর্চা ও বিনোদন

৩টি খেলার মাঠ, ১টি উন্নত ব্যায়ামাগার ও ২টি আধুনিক মিলনায়তন (৫০০ ও ২০০ আসনের) আছে।

১৪. জার্নাল

এ বিশ্ববিদ্যালয় থেকে নিয়মিতভাবে J. Sci. Technol. নামে একটি বৈজ্ঞানিক Journal (ISSN 1994-0386) প্রকাশিত হয়ে আসছে।

১৫. দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর (MOU)

চীন,জাপান,কোরিয়া ও যুক্তরাজ্যসহ দেশ, বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের সাথে দ্বিপাক্ষিক চুক্তি রয়েছে। এতে ঐসকল প্রতিষ্ঠানের সাথে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে যোগাযোগ প্রতিষ্ঠা হয়েছে।

১৬. অধিভুক্ত কলেজ

শহীদ আকবর আলী বিজ্ঞান ও প্রযুক্তি কলেজ, বালিয়াডাঙ্গি,ঠাকুরগাঁও।

১৭। অনুষদ ও ইউনিটের বিবরণ ঃ

আটটি অনুষদ থেকে ৪ বছর মেয়াদী ১৮ টি এবং ৫ বছর মেয়াদী ২ টি (ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স ও আর্কিটেকচার) ডিগ্রী দেওয়া হয়। এদের বিবরণ ও আসনসংখ্যা নিম্নরূপ ঃ

১। অনুষদ সম্পর্কীয় বিবরণঃ

<table>
<tr><th>ইউনিট</th><th>অনুষদ</th><th>উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাশকৃত বিষয়</th><th>ডিগ্রী</th><th>আসন সংখ্যা</th></tr>
<tr><td rowspan="4">A</td><td rowspan="4">১। এগ্রিকালচার
২। ফিসারিজ
৩। ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স</td><td rowspan="4">পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান এবং গণিত/কৃষি বিজ্ঞান।</td><td>বি.এসসি এজি (অনার্স)</td><td>২৫০</td></tr>
<tr><td>বি.এসসি. এগ্রিকালচার এন্ড এগ্রিবিজনেস(অনার্স)</td><td>১২৫</td></tr>
<tr><td>বি.এসসি ফিসারিজ (অনার্স)</td><td>১১৫</td></tr>
<tr><td>ডি.ভি.এম.</td><td>১২০</td></tr>
<tr><td>B</td><td>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং</td><td>পদার্থ, গণিত ও রসায়ন।</td><td>বি.এসসি. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং</td><td>৭০</td></tr>
</table>

			বি.এসসি. ইলেকট্রনিক্র এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	৭০
			বি.এসসি. ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	৭০
C	বিজনেস স্টাডিজ	**বাণিজ্য গ্রুপঃ** একাউন্টিংসহ অন্য যেকোন ২ টি ঐচ্ছিক বিষয়। **বিজ্ঞান গ্রুপঃ** পদার্থ, রসায়ন, গণিত এবং জীববিজ্ঞান/কৃষিবিজ্ঞান। **মানবিক গ্রুপঃ** মানবিক বিভাগের বিষয়সমূহ।	বি.বি.এ.	২৪০
D	ইঞ্জিনিয়ারিং	পদার্থ, গণিত ও রসায়ন।	বি.এসসি. ফুড এন্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং	৬০
			বি.এসসি. এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং	৬০
			বি.এসসি. সিভিল ইঞ্জিনিয়ারিং	৫০
			বি.এসসি. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং	৫০
E	ইঞ্জিনিয়ারিং (আর্কিটেকচার)	পদার্থ, গণিত ও রসায়ন।	ব্যাচেলর অব্ আর্কিটেকচার	৩৫
F	বিজ্ঞান	পদার্থ,গণিত ও রসায়ন।	বি.এসসি. (অনার্স) রসায়ন	৭৫
			বি.এসসি. (অনার্স) পদার্থ	৭৫
			বি.এসসি. (অনার্স) গণিত	৮০
			বি.এসসি. (অনার্স) পরিসংখ্যান	৮০
G	সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস	সকল গ্রুপের (বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক) ছাত্র/ছাত্রীর জন্য প্রযোজ্য	বি.এ (অনার্স), ইংরেজী	১১০
			বি.এস.এস (অনার্স) অর্থনীতি	১১০
			বি.এস.এস (অনার্স) সমাজ বিজ্ঞান	১১০

মোট= ১৯৫৫

১৮। সংরক্ষিত আসন

ক) মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য প্রতি অনুষদ বা বিভাগে আনুপাতিক হারে ৫% আসন।
খ) আদিবাসী/উপজাতিদের জন্য মোট আসনের ১% আসন।
গ) এ বিশ্ববিদ্যালয়ের কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সন্তানদের জন্য ১% আসন ।
ঘ) সরকারী নির্দেশনা মোতাবেক খেলোয়ার কোটায় শুধুমাত্র বিকেএসপি থেকে পাশ করা ছাত্র-ছাত্রীদের জন্য ৫ টি আসন।
ঙ) বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য মোট ৮০ টি আসন ।

১৯। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা

২০১৫ ও ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাশকৃত শিক্ষার্থীরা শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। ২০১৩ সালের পূর্বে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদনের অযোগ্য।

ক) প্রার্থীকে বাংলাদেশের যেকোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরী শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় গ্রেড পদ্ধতিতে ৫ এর স্কেলে প্রতিটিতে কমপক্ষে ৩.০ সহ মোট জিপিও ৬.৫ থাকতে হবে। এগ্রিকালচার, ফিসারিজ ও ভেটেরিনারী এন্ড এনিম্যাল সায়েন্স অনুষদের বেলায় চতুর্থ বিষয়ে ন্যূনতম ‘C’ গ্রেড থাকতে হবে। বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড থাকতে হবে। উল্লেখ্য যে, শুধুমাত্র G ইউনিটের মানবিক বিভাগে পাশকৃত ছাত্র-ছাত্রীদের জন্য মোট জিপিএ ৬.০ এবং প্রতিটির ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ২.৭৫ থাকতে হবে।

অথবা

‘O’ এবং ‘A’ লেভেল পাশকৃতদের জন্য ‘O’ লেভেলে পাঁচটি বিষয়ে গড়ে কমপক্ষে ‘B’ গ্রেড এবং ‘A’ লেভেলে পদার্থ, রসায়ন,গণিত, জীববিজ্ঞান/কৃষি বিজ্ঞানের মধ্যে তিনটি বিষয়ে গড়ে কমপক্ষে ‘C’ গ্রেড পেতে হবে।

২০। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইউনিট, অনুষদ ও পঠিত বিষয়

ইউনিট	অনুষদ/ ডিগ্রী	উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাশকৃত বিষয়	ভর্তি পরীক্ষার তারিখ	পছন্দক্রম ফরম পূরণের তারিখ
A	১। এগ্রিকালচার ২। ফিসারিজ ৩। ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স	পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান এবং গণিত/কৃষি বিজ্ঞান।		

B	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	পদার্থ, গণিত ও রসায়ন।	১৮/১২/২০১৬ থেকে ২১/১২/২০১৬ পর্যন্ত (বিস্তারিত পরবর্তীতে জানানো হবে)	ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর ওয়েব সাইটে জানানো হবে
C	বিজনেস স্টাডিজ	**বাণিজ্য গ্রুপ** একাউন্টিংসহ অন্য যেকোন ২ টি ঐচ্ছিক বিষয়। **বিজ্ঞান গ্রুপ ঃ** পদার্থ, রসায়ন, গণিত এবং জীববিজ্ঞান/কৃষিবিজ্ঞান। **মানবিক গ্রুপ ঃ** মানবিক বিভাগের বিষয়সমূহ।		
D	ইঞ্জিনিয়ারিং	পদার্থ, গণিত ও রসায়ন।		
E	আর্কিটেকচার	পদার্থ, গণিত ও রসায়ন।		
F	বিজ্ঞান	পদার্থ, গণিত ও রসায়ন।		
G	সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস	সকল **গ্রুপের** (বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক) ছাত্র/ছাত্রীর জন্য প্রযোজ্য		

২১। আবেদন ১২/১১/২০১৬ তারিখ হতে ০৮/১২/২০১৬ তারিখ পর্যন্ত অনলাইনে (online) অথবা মোবাইল থেকে SMS এর মাধ্যমে করতে হবে। তবে 'O' এবং 'A' লেভেল এ পাশকৃত ছাত্র-ছাত্রীরা শুধুমাত্র অনলাইনে আবেদন করতে পারবে।

২২। আবেদনের প্রক্রিয়া: প্রতিটি ইউনিটের জন্য আলাদা আলাদা আবেদন পত্র দাখিল করতে হবে।

ক) **অনলাইনের (online) মাধ্যমেঃ** হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.hstu.ac.bd/admission) গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করা হলে তখনই প্রার্থীর জন্য একটি বিল নাম্বার (Bill Number) তৈরী হবে, যেটি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে।

খ) **SMS এর মাধ্যমেঃ** SMS এর মাধ্যমে আবেদনের জন্য প্রার্থীর নিজস্ব মোবাইল (যে কোন অপারেটর) ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে MMS <স্পেস>HSTU<স্পেস>SSC পরীক্ষার রোল নম্বর<স্পেস> SSC পরীক্ষার রেজিষ্ট্রেশন নম্বর<স্পেস> SSC পাশের সাল <স্পেস> SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর<স্পেস>HSC পরীক্ষার রোল নম্বর<স্পেস>HSC পরীক্ষার রেজিষ্ট্রেশন নম্বর<স্পেস>HSC পাশের সাল <স্পেস>HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> UNIT <স্পেস> কাঙ্খিত কোটার কীওয়ার্ড লিখে (কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে) 6969 নম্বরে SMS করতে হবে। তবে কোটায় আবেদন না করলে কোন কীওয়ার্ড লিখার প্রয়োজন নাই। সঠিক আবেদনকারীর ক্ষেত্রে তাৎক্ষনিকভাবে SMS এর মাধ্যমে উক্ত মোবাইলে একটি বিল নাম্বার (Bill Number) প্রদান করা হবে, যেটি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে।

কোটা সমূহের কীওয়ার্ড ঃ FF: মুক্তিযোদ্ধার সন্তান/নাতী/নাতনী হলে, HT: বৃহত্তর পার্বত্য চট্রগ্রাম অঞ্চলের উপজাতি ও অ- উপজাতি হলে, OT: বৃহত্তর পার্বত্য চট্রগ্রাম অঞ্চল ব্যতিত অন্যান্য অঞ্চলের উপজাতি হলে, PL: বিকেএসপি থেকে পাশ করা ছাত্র-ছাত্রী হলে।

শিক্ষা বোর্ডের কীওয়ার্ড ঃ ঢাকা DHA, রাজশাহী RAJ, চট্রগ্রাম CHI, যশোর JES, কুমিল্লা COM, সিলেট SYL, বরিশাল BAR, দিনাজপুর DIN, মাদ্রাসা MAD, কারিগরি TEC

UNIT **সমূহের কীওয়ার্ড ঃ** A : (A ইউনিট এর জন্য), B : (B ইউনিট এর জন্য), C : (C ইউনিট এর জন্য), D : (D ইউনিট এর জন্য), E : (E ইউনিট এর জন্য), F : (F ইউনিট এর জন্য), G : (G ইউনিট এর জন্য)।

২৩। আবেদন ফি প্রদানের নিয়মাবলী ঃ

ক) ডাচ্ বাংলা ব্যাংকের (DBBL) মোবাইল ব্যাংকিং একাউন্ট অথবা এজেন্ট পয়েন্টের মাধ্যমে **হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি** বিশ্ববিদ্যালয়ের Biller ID 373 এ আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচ শত) টাকা জমা দিতে হবে। Payment প্রদানের আরো বিস্তারিত নিয়মাবলী Flow-chart আকারে ওয়েবসাইটে পাওয়া যাবে।

খ) Payment সম্পন্ন হওয়ার পর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তাৎক্ষনিক একটি SMS আসবে, যার মধ্যে Transaction ID উল্লেখ থাকবে। এই Transaction ID টি সংরক্ষণ করতে হবে; কেননা Payment প্রদানে কোন সমস্যা হলে তা সমাধানের জন্য Transaction ID টি উল্লেখ করে **admission@hstu.ac.bd** এ যোগাযোগ করতে হবে। Payment সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা, তা জানতে চাইলে MMS <স্পেস> HSTU <স্পেস> PAY <স্পেস> Bill Number লিখার পর 6969 নম্বরে SMS করতে হবে।

২৪। প্রবেশপত্র ডাউনলোডঃ

ক) আবেদনকারীগণ আগামী ১২/১২/২০১৬ তারিখ থেকে পরীক্ষার পূর্বমুহুত পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.hstu.ac.bd/admission**) থেকে নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। প্রবেশপত্র ডাইনলোডের পূর্বে আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবির সফ্ট কপি (JPG format, ফাইল সাইজ ৫০ কিলো বাইটের মধ্যে) আপলোড করতে হবে।

খ) প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজ অফসেট পেপারে প্রিন্ট করে নিতে হবে এবং Student's Signature এর উপরে আবেদনকারীকে স্বাক্ষর করে পরীক্ষার দিন সঙ্গে নিয়ে আসতে হবে। প্রবেশপত্র ব্যাতীত কোন আবেদনকারীকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২৫. হট লাইন ঃ ভর্তি সংক্রান্ত বিষয়ে অন্য কোন তথ্য জানতে চাইলে **০১৭২৯২৬৬২৪৪-৬** হটলাইনে এবং **রহভড়@যংঃ.ধপ.নফ** তে যোগাযোগ করা যাবে।

২৬. ভর্তি পরীক্ষার তারিখঃ ১৮/১২/২০১৬ থেকে ২১/১২/২০১৬ পর্যন্ত (বিস্তারিত পরবর্তীতে জানানো হবে)।

২৭. পছন্দক্রম ফরম পূরণের তারিখঃ ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর ওয়েবসাইটে জানানো হবে।

২৮. ভর্তির তারিখঃ পরবর্তীতে জানানো হবে।

২৯. প্রশ্নপত্র: প্রশ্নপত্র বাংলায় প্রণয়ন করা হবে। তবে ইংরেজী মাধ্যমে পরীক্ষা দিতে চাইলে ভর্তি পরীক্ষার ১৫ দিন পূর্বে ১০০ টাকা ফি সহ নিম্নস্বাক্ষরকারীর কাছে লিখিত আবেদন করতে হবে।

৩০. পরীক্ষা পদ্ধতি: ভর্তি পরীক্ষা বহু নির্বাচনী পদ্ধতিতে (MCQ) অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে OMR উপযোগী ফরমে প্রশ্নোত্তর করতে হবে। উত্তরপত্র শীটে বিশেষ কোটার জন্য নির্ধারিত বৃত্ত পূরণ করতে হবে।

৩১. ভর্তি পরীক্ষার নম্বর ও মূল্যায়ন: ১৫০ নম্বরের (শুধুমাত্র ব্যাচেলর অব্ আর্কিটেকচার এর জন্য ২০০ নম্বর) উপর মেধাস্কোর করে প্রার্থী নির্বাচন করা হবে। তন্মধ্যে ভর্তি পরীক্ষায় ১০০ নম্বর (MCQ) এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত গ্রেড অনুসারে যথাক্রমে ৪০% ও ৬০% = ৫০ নম্বর (মোট ১৫০ নম্বর) থাকবে। ব্যাচেলর অব্ আর্কিটেকচারের জন্য অতিরিক্ত ৫০ নম্বরের মুক্ত হস্তে Drawing সহ মোট ২০০ নম্বরের ভিত্তিতে মেধাস্কোর করা হবে।

৩২। ইউনিট ভিত্তিক লিখিত পরীক্ষার বিষয় ও নম্বর বন্টনঃ

ইউনিট	পরীক্ষার বিষয়	নম্বর	ইউনিট	পরীক্ষার বিষয়	নম্বর	ইউনিট	পরীক্ষার বিষয়	নম্বর	ইউনিট	পরীক্ষার বিষয়	নম্বর
‘A’ এগ্রিকালচার. ফিসারিজ, ভেটেরিনারি	পদার্থ	২৫	‘B’ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	পদার্থ	২৫	‘C’ (বাণিজ্য বিভাগের ক্ষেত্রে)	বিজনেস পলিসি এন্ড ম্যানেজমেন্ট	২৫	‘C’ (বিজ্ঞান/ মানবিক বিভাগের ক্ষেত্রে)	বাংলা	৪০
	রসায়ন	২৫		রসায়ন	২৫		একাউন্টিং	২৫		ইংরেজী	৪০
	জীব বিজ্ঞান	২৫		গণিত	২৫		ইংরেজী	২৫		সাধারন জ্ঞান	২০
	ইংরেজী	২৫		ইংরেজী	২৫		সাধারন জ্ঞান	২৫		মোট =১০০	
	মোট =১০০			মোট =১০০			মোট =১০০				
‘D’ ইঞ্জিনিরারিং	পদার্থ	২৫	‘E’ আর্কিটেকচার	পদার্থ	২৫	‘F’ বিজ্ঞান	পদার্থ	২৫	‘G’ সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস	বাংলা	৩০
	রসায়ন	২৫		রসায়ন	২৫		রসায়ন	২৫		ইংরেজী	৫০
	গণিত	২৫		গণিত	২৫		গণিত	২৫		সাধারন জ্ঞান	২০
	ইংরেজী	২৫		ইংরেজী	২৫		ইংরেজী	২৫		মোট = ১০০	
	মোট=১০০			ড্রয়িং	৫০		মোট =১০০				
				মোট= ১৫০							

৩৩. ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহার

ভর্তি পরীক্ষায় সকল ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস (যেমন- ঘড়ি, ক্যালকুলেটর, মোবাইল ফোন ইত্যাদি) নিয়ে পরীক্ষা হলে প্রবশে করা সম্পূর্নরূপে নিষিদ্ধ।

৩৪। মেধাস্কোর নির্ধারণ

ক) লিখিত নির্বাচনী পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে এসএসসি / সমমানের পরীক্ষায় প্রাপ্ত গ্রেডের ৮ গুণ এবং এইচএসসি / সমমানের পরীক্ষায় প্রাপ্ত গ্রেডের ১২গুণ নম্বর যোগ করে মোট নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। এ অনুসারে ইউনিট ভিত্তিক মেধা তালিকা এবং অপেক্ষমান তালিকা প্রণয়ন করা হবে।

খ) ‘C’ ইউনিটের ক্ষেত্রে মোট আসনের ৬০% বাণিজ্য এবং ৪০% বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে।

গ) সংরক্ষিত আসনের ক্ষেত্রে একই পদ্ধতিতে মেধাক্রম অনুযায়ী মেধা ও অপেক্ষমান তালিকা তৈরী করা হবে। তবে, আবেদনকারীর ভর্তি পরীক্ষার লিখিত অংশে কমপক্ষে ৩৫ নম্বর অবশ্যই পেতে হবে। তাহলে শুধুমাত্র মেধাস্কোর নির্বাচনে বিবেচিত হবে।

ঘ) ‘G’ ইউনিটের ক্ষেত্রে মোট আসনের ৭০% মানবিক এবং ৩০% বিজ্ঞান/বাণিজ্য বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে।

৩৫। স্বাস্থ্য পরীক্ষা

শুধুমাত্র ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ডাক্তার দ্বারা স্বাস্থ্য পরীক্ষা করতে হবে।

৩৬। ভর্তির কার্যক্রম

ভর্তি পরীক্ষার ফলাফল ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য যথা সময়ে বিশ্ববিদ্যালয়ের নোটিশবোর্ড এবং ওয়েবসাইটে (www.hstu.ac.bd/admission) প্রকাশ করা হবে। ছাত্র-ছাত্রীরা মোবাইল ফোনে এই তথ্য জেনে নিতে পারবে।

- নির্বাচিত প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষার মূল সার্টিফিকেট, মূল গ্রেডশীট, এইচ.এস.সি./সমমানের পরীক্ষার সার্টিফিকেট/প্রসংসাপত্র, মূল গ্রেডশীট, ছয় কপি পাসপোর্ট সাইজ এবং চার কপি ষ্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি ও প্রার্থী সর্বশেষ যে প্রতিষ্ঠানে অধ্যয়ন করেছে, তার প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র অবশ্যই জমা দিতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে ভর্তির পূর্বে কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত তারিখ অনুযায়ী পছন্দক্রম ফরম পূরণ করা হবে এবং সে অনুযায়ী বিভিন্ন অনুষদে ছাত্র-ছাত্রী ভর্তি করানো হবে।

- সংরক্ষিত আসনে ভর্তির জন্য মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানি এর অনুকুলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র, দাদা-দাদী/নানা-নানীর সাথে সর্ম্পকের প্রত্যয়নপত্র এবং যাদের সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানা গরমিল আছে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ইউ.এন.ও/পৌর মেয়র/ইউনিয়ন কাউন্সিল চেয়ারম্যান এর নিকট হতে প্রত্যায়নপত্র গ্রহণ করে জমা দিতে হবে।
প্রার্থীদের মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের সার্টিফিকেট, উপজাতি/আদিবাসীদের ক্ষেত্রে সংশিণ্টষ্ট জেলা প্রসাশকের প্রত্যয়নপত্র এবং হাবিপ্রবিতে কর্মরতদের সন্তানের (পোষ্য) ক্ষেত্রে রেজিষ্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র অবশ্যই জমা দিতে হবে।

- উপজাতি/আদিবাসীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রত্যয়নপত্র অবশ্যই জমা দিতে হবে। বিকেএসপির ক্ষেত্রে যথাযথ সনদপত্র জমা দিতে হবে।

- কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের কাগজপত্র নিয়ে নির্ধারিত দিনে উপস্থিত থাকতে হবে (যা পরবর্তীতে জানানো হবে)।

৩৭। ভর্তিসহ আনুষাঙ্গিক ফি

ক) কেন্দ্রীয়ভাবে আদায়যোগ্য ফি

১। ভর্তির সময়ে এককালীন ফি =৬,০০০/-
২। বিদেশী ছাত্রদের জন্য এককালীন ভর্তি ফি =৯,৫০০/-
৩। ছাত্র কল্যান ট্রাষ্ট ফি =৫০০/-
৪। প্রতি সেমিস্টারে অনুষদীয় ফি =১০০/-
৫। প্রথম সিমেস্টারের (৬ মাসের) জন্য আদায়যোগ্য ফি
i) বিভিন্ন অনুষদের জন্য কোর্স ফি (প্রতি ক্রেডিট আওয়ারের জন্য ১৫০/- টাকা হারে)

ক্রমিক নং	অনুষদ ও ডিগ্রী	টাকা
১.	**কৃষি অনুষদ**	
	ক) বি.এসসি.এজি (অনার্স)	২৮৫০/-
	খ) বি.এসসি.এগ্রিকালচার এন্ড এগ্রি বিজনেস (অনার্স)	৩১৫০/-
২.	**কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং অনুষদ**	
	ক) বি.এসসি. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	২৫৮৮/-
	খ) বি.এসসি. ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	২৯২৫/-
	গ) বি.এসসি. ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	৩০০০/-
৩.	**বিজিনেস স্টাডিজ অনুষদ**	২৭৭৫/-
৪.	**ইঞ্জিনিয়ারিং অনুষদ**	
	ক) বি.এসসি. এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং	২৭০০/-
	খ) বি.এসসি. ফুড এন্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং	২৮৫০/-/-
	গ) ব্যাচেলর অব আর্কিটেকচার	৩০৭৫/-
	ঘ) বি.এসসি. সিভিল ইঞ্জিনিয়ারিং	৩০৩৮/-
	ঙ) বি.এসসি. মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং	২৮৮৮/-
৫.	**ফিসারিজ অনুষদ**	২৭৭৫/-
৬.	**ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স অনুষদ**	২৭০০/-
৭.	**বিজ্ঞান অনুষদ**	
	ক) বি.এসসি. (অনার্স) রসায়ন	২৭৭৫/-
	খ) বি.এসসি. (অনার্স) পদার্থ বিজ্ঞান	২৭৭৫/-
	গ) বি.এসসি. (অনার্স) গণিত	২৭৭৫/-
	ঘ) বি.এসসি. (অনার্স) পরিসংখ্যান	২৭০০/-
৮.	**সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস অনুষদ**	
	ক) বি.এ (অনার্স) ইংরেজী	২২৫০/-
	খ) বি.এসসি (অনার্স) অর্থনীতি	২৪৭৫/-
	গ) বি.এস.এস. সমাজ বিজ্ঞান	২৯২৫/-

ii) সকল অনুষদের জন্য সাধারণ ফি

ক্রমিক নং	বিষয়	টাকা
১	বিদ্যুৎ ফি (প্রতি মাসের জন্য ২৫টাকা হারে) ৬ x ২৫/-	১৫০/-
২	পরিবহন ফি (প্রতি মাসের জন্য ১৫টাকা হারে) ৬ x ১৫/-	৯০/-
৩	কেন্দ্রীয় সংসদ ফি	১০০/-
৪	কেন্দ্রীয় ক্রীড়া ফি	৫০/-
৫	ছাত্রকল্যাণ ফি	২৫/-
৬	এনরোলমেন্ট ফি	৭৫/-
৭	কেন্দ্রীয় কমনরুম ফি	৭৫/-
৮	মিড সিমেস্টার পরীক্ষার ফি (তত্ত্বীয় ও ব্যবহারিক)	২০০/-
৯	সিমেস্টার ফাইনাল পরীক্ষার ফি (তত্ত্বীয় ও ব্যবহারিক)	৩০০/-
১০	ট্রান্সক্রিপ্ট ফি / গ্রেড সীট	৭০/-
১১	প্রবেশপত্র ফি	২৫/-
১২	কেন্দ্র ফি	২০০/-
১৩	পরিচয়পত্র ফি	৫০/-
১৪	অনুষদীয় ফি	৮০০/-
১৫	রোভার স্কাউট ফি	৪৫/-
১৫	বিবিধ	১৫/-
(দুই হাজার দুইশত সত্তর টাকা মাত্র)		মোট = ২২৭০/-

খ) ডরমিটরী কর্তৃক আদায়যোগ্য ফি

i) আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য ফি

ক্রমিক নং	বিষয়	টাকা
১	ডরমেটরীর ভর্তি ফি (এককালীন)	৫০০/-
২	ডরমিটরী সংস্থাপন ফি (মাসপ্রতি ৩০ টাকা হারে) ১২ x ৩০	৩৬০/-
৩	ডরমিটরী সেসন ফি	১৫০/-
৪	তৈজসপত্র ফি	১০০/-
৫	ডরমিটরী সংসদ ফি	১০০/-
৬	ডরমিটরী কমনরুম ফি	১২০/-
৭	ইনডোর গেমস ফি (মাসপ্রতি ১০ টাকা হারে) ১০ x ১২	১২০/-
৮	সমাজকল্যাণ ফি (মাসপ্রতি ৫টাকা হারে) ৫ x ১২	৬০/-
(এক হাজার পাঁচশত দশ টাকা মাত্র)		মোট = ১,৫১০/-

ii) অনাবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য দেয় ফি

ক্রমিক নং	বিষয়	টাকা
১	ডরমেটরীর এটাচমেন্ট ফি (এককালীন)	৫০০/-
৫	ডরমিটরী সংসদ ফি	১০০/-
৭	ইনডোর গেমস ফি (মাসপ্রতি ১০ টাকা হারে) ১০ x ১২	১২০/-
৮	সমাজকল্যাণ ফি (মাসপ্রতি ৫টাকা হারে) ৫ x ১২	৬০/-
	ডরমেটরী সেসন ফি	১৫০/-
		মোট = ৯৩০/- (নয়শত ত্রিশ টাকা মাত্র)

৩৮। ফলাফল ও ভর্তি বাতিল

ক) ভর্তি পরীক্ষার ফলাফল ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (www.hstu.ac.bd/admission) যথাসময়ে প্রকাশ করা হবে। মোবাইল ফোন ব্যবহার করেও তথ্য জানা যাবে।

খ) প্রার্থী কর্তৃক উপস্থাপিত তথ্যে কোন ভুল পরে ধরা পড়লে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির ন্যূনতম যোগ্যতা ছিল না, সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর লিখিত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি বা লিখিত নির্বাচনী পরীক্ষার ফলাফল বাতিল করা হবে। এমনকি,শিক্ষা বোর্ড কর্তৃক যাচাইয়ের মাধ্যমে সনদপত্র ও নম্বরপত্রে কোন জালিয়াতি পাওয়া গেলে ভর্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

গ) ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র এবং ভর্তির মূল ফরমে একই ছবি ও একই স্বাক্ষর না থাকলে ভর্তি বাতিল হবে।

৩৯। ভর্তি সংক্রান্ত আইন সংশোধন, পরিবর্তন ইত্যাদি

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনে যেকোন আইন সংশোধন, সংযোজন বা পরিবর্তনের ক্ষমতা রাখে।

৪০। ওরিয়েন্টেশন ও ক্লাস শুরুর তারিখ ঃ বিস্তারিত পরে জানানো হবে।

৪১। অনুসন্ধান

(০৫৩১) ৬৫৪২৯ অফিস

৬১৩৬৬ ডীন, কৃষি অনুষদ
৫১৭৩৫ ডীন, এগ্রোইন্ডাষ্টিয়াল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং অনুষদ
৫১৭৩৯ ডীন, বিজনেস স্টাডিজ অনুষদ
৬১৩৪৭ ডীন, ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স অনুষদ
৫১৭৩৪ ডীন, ফিসারিজ অনুষদ
৫১১৩৫ ডীন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং অনুষদ
৬৬৮০৩ ডীন, বিজ্ঞান অনুষদ
৬৬৪৮৮ ডীন, সোস্যাল সায়েন্স এন্ড হিউমিনিটিস

৬১৩৫৫ রেজিস্ট্রার
৫১০১৮ পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা)
৫১০১৭ প্রক্টর
৫১৭৩৬ পিআরও

- সাপ্তাহিক ছুটি শুক্র ও শনিবার।
- **বর্তমানে আবাসিক হল সমূহে আসন খালি না থাকায় ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রীকে আপাততঃ আবাসন সুবিধা দেয়া যাবে না।**

১০।১১।১৬

(প্রফেসর ড. মো. সাইফুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ফোন: ০৫৩১-৬১৩৫৫ (অফিস)